



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯

নিয়োগ ও পদোন্নতি শাখা, প্রশাসন বিভাগ

www.caab.gov.bd

নথি নং-৩০.৩১.০০০০.২০১.০১.০১৬.২৪-৩৬১৩

তারিখ: ১৮ ডিসেম্বর ২০২৪

প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

মহামান্য সুপ্রিমকোর্টের মাননীয় আপিল বিভাগ, হাইকোর্ট বিভাগ, বিজ্ঞ জেলা জজ আদালত, ঢাকাসহ উহার অধঃস্তন আদালত, ঢাকায় বিচারার্থীন বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্বার্থসংশ্লিষ্ট মামলা পরিচালনার জন্য কিছু সংখ্যক প্যানেল আইনজীবী নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন আগ্রহী আইনজীবীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

যোগ্যতা ও অভিজ্ঞতা:


- (১) বিজ্ঞ জেলা জজ আদালত, ঢাকা এর জন্য ০২ জন
(ক) আইন পেশায় আইনজীবী হিসেবে দেওয়ানী মামলা পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
(খ) প্রার্থীর অবশ্যই নিজস্ব চেম্বার থাকতে হবে।
(গ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
(ঘ) আবেদনকারীর বয়স অবশ্যই অনধিক ৫৭ (সাতাত্তম) বছর হতে হবে।
- (২) মহামান্য সুপ্রিমকোর্টের আপিল ও হাইকোর্ট বিভাগ এর জন্য ০২ জন
(ক) আইন পেশায় আইনজীবী হিসেবে মামলা পরিচালনায় কমপক্ষে ১২ (বার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
(খ) প্রার্থীর অবশ্যই নিজস্ব চেম্বার থাকতে হবে।
(গ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
(ঘ) আবেদনকারীর বয়স অবশ্যই অনধিক ৬২ (ষাষটি) বছর হতে হবে।
(ঙ) আপিল বিভাগে মামলা পরিচালনার নিমিত্ত অনুমতি থাকতে হবে। (শুধুমাত্র আপিল বিভাগের জন্য)।

অন্যান্য শর্তাবলী:

- (১) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে।
(২) মামলা পরিচালনার ক্ষেত্রে কর্তৃপক্ষের নির্ধারিত ফি হার, ২০২২ অনুসারে প্রাপ্য বিল পরিশোধ করা হবে।
(৩) প্যানেল আইনজীবীগণ অস্থায়ী ভিত্তিতে ০২ (দুই) বছরের জন্য নিযুক্ত হবেন। সন্তোষজনক কাজের মূল্যায়নের আলোকে বছর ভিত্তিক নবায়ন করা হতে পারে।
(৪) ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
(৫) কর্তৃপক্ষ যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
(৬) আগ্রহী প্রার্থীদের সাদা কাগজে লিখিত আবেদনপত্রে নিম্নবর্ণিত তথ্যাদি অবশ্যই থাকতে হবে:

(ক)	নাম	(খ)	পিতার নাম	(গ)	মাতার নাম	(ঘ)	বর্তমান ঠিকানা
(ঙ)	স্থায়ী ঠিকানা	(চ)	ব্যক্তিগত চেম্বারের ঠিকানা	(ছ)	জন্ম তারিখ	(জ)	১৯ জানুয়ারী ২০২৪ তারিখে বয়স
(ঝ)	জাতীয়তা	(ঞ)	ধর্ম	(ট)	শিক্ষাগত যোগ্যতা	(ঠ)	অভিজ্ঞতা
(ড)	মোবাইল নং-	(ঢ)	ই-মেইল নং	(ণ)	টেলিফোন (যদি থাকে)		

- (৭) আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি অবশ্যই সংযুক্ত করতে হবে:
- (৮) (ক) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
(খ) বাংলাদেশের যেকোন তফসিলি ব্যাংক হতে 'চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ' এর অনুকূলে (অফেরতযোগ্য) ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।
(গ) শিক্ষাগত ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত কপি।
(ঘ) নিজ জেলা সমর্থনে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।
(ঙ) হালনাগাদ বার কাউন্সিলের এনরোলমেন্ট সনদপত্রের সত্যায়িত কপি।
- (৯) নিয়োগের মেয়াদ উত্তীর্ণ হলে অথবা মেয়াদ উত্তীর্ণের পূর্বে তীর নিয়োগ বাতিল করা হলে তীর দায়িত্বে পরিচালনার জন্য ন্যস্তকৃত সকল মামলার নথিপত্র, সংশ্লিষ্ট মামলার পরিচালনা না করা সংক্রান্ত No Objection Certificate (অনাপত্তিপত্র) সহ তাৎক্ষণিকভাবে বেবিচ কর্তৃপক্ষের নিকট ফেরত দিতে বাধ্য থাকবেন।
- (১০) আবেদনপত্র আগামী ১৯ জানুয়ারী ২০২৫ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে সদস্য (প্রশাসন), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে পৌছাতে হবে। আবেদনপত্র সরাসরি জমাদানের ক্ষেত্রে সদস্য (প্রশাসন) এর দপ্তরে রক্ষিত বাক্সে অফিস চলাকালীন সময়ের মধ্যে জমা প্রদান করা যাবে।


18.12.24
মোহাম্মদ ইকরাম উল্লাহ

পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ